গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমন্বিত নিয়ন্ত্রণ কেন্দ্র
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
ইমেইলঃ bdcoronasaver@gmail.com

মুজিব বর্ষে স্বাস্থ্যখাত
এগিয়ে যাবে অনেক ধাপ

# কোভিড-১৯ সংক্রান্ত পরিস্থিতি

**তারিখ: ২৬ এপ্রিল, ২০২০**
**১৩ই বৈশাখ, ১৪২৭**
**২রা রমজান, ১৪৪১**

## স্বাস্থ্য অধিদপ্তরের আজকের স্বাস্থ্য বুলেটিন

স্বাস্থ্য অধিদপ্তরের করোনা বিষয়ক নিয়মিত সংবাদ সম্মেলনের অংশ হিসেবে আজ দুপুর ২.৩০ টায় স্বাস্থ্য অধিদপ্তরের অতিরিক্ত-মহাপরিচালক (প্রশাসন) অধ্যাপক ডাঃ নাসিমা সুলতানা এর পরিচালনায় অনলাইন প্রেস ব্রিফিং অনুষ্ঠিত হয়।

অতঃপর তিনি দেশের কোভিড-১৯ পরিস্থিতি উপস্থাপন করেন। তিনি কোভিড-১৯ এ মৃত ব্যক্তিদের বয়স ও লিঙ্গভিত্তিক বিশ্লেষণ উপস্থাপন করেন। তিনি জানান, কোভিড-১৯ আক্রান্ত হয়ে গত ২৪ ঘন্টায় ০৫ জন মৃত্যুবরণ করেছেন, তারমধ্যে ৩জন পুরুষ এবং ২জন মহিলা। মৃত্যুবরণকারীদের মধ্যে ১জনের বয়স ১০ বছরের নিচে সে কিডনিজনিত রোগে আক্রান্ত ছিল,বাকী ১জনের বয়স ৬০এর উর্ধ্বে এবং ৩জনের বয়স ৫১-৬০ বছরের মধ্যে। মৃত্যুবরণকারীদের মধ্যে ৪জন ঢাকা সিটিতে এবং ১ জন দোহারে। তিনি আরও জানান যে, কেবলমাত্র হাসপাতাল থেকে যারা সুস্থ হয়ে যায় তাদের তথ্য এখানে উল্লেখ করা হয়। তিনি স্বাস্থ্য সেবায় নিয়োজিত চিকিৎসক স্বাস্থকর্মী, নার্স, টেকনিশিয়ান, ওয়ার্ডবয়, আয়া, ড্রাইভার সহ পুলিশ ও অন্যান্য বাহিনীর সদস্যরা যারা কোভিড-১৯ আক্রান্ত হয়েছেন পবিত্র রমজান মাসে মহান আল্লাহতালার কাছে তাদের দ্রুত আরোগ্য লাভ কামনা করেন। একজন চিকিৎসক সহ এপর্যন্ত যারা মৃত্যুবরন করেছেন তাদের বিদেহী আত্মার শান্তি কামনা করেন। তিনি মাননীয় প্রধানমন্ত্রীর দিকনির্দেশনায় কোভিড-১৯ পরীক্ষার জন্য ২৫টি ল্যাব প্রতিষ্ঠার জন্য মাননীয় প্রধানমন্ত্রীকে কৃতজ্ঞতা জানান।

### বাংলাদেশে কোভিড-১৯ পরীক্ষা ও সনাক্তকৃত রোগী

| পরীক্ষাকৃত | | সনাক্ত | | মৃত্যু | | এপর্যন্ত সুস্থ | চিকিৎসাধীন |
|---|---|---|---|---|---|---|---|
| গত ২৪ ঘণ্টায় | এপর্যন্ত | গত ২৪ ঘণ্টায় | এপর্যন্ত | গত ২৪ ঘণ্টায় | এপর্যন্ত | ১২২ | ৫,১৪৯ |
| ৩,৪৭৬ | ৪৬,৫৮৯ | ৪১৮ | ৫,৪১৬ | ৫ | ১৪৫ | | |

### নমুনা সংগ্রহ ও সম্পাদিত পরীক্ষার তথ্যাদিঃ

| প্রতিষ্ঠান | কোভিড-১৯ পরীক্ষা | | |
|---|---|---|---|
| | নমুনা সংগ্রহ (২৪ ঘণ্টা) | পরীক্ষা (পূর্বের নমুনা সহ) (২৪ ঘণ্টা) | সর্বমোট |
| **ঢাকার ভিতরে মোট** | **২,৩০৩** | **২,৩১৩** | **৩২,০৬২** |
| **ঢাকার বাইরে মোট** | **১,৩৭৭** | **১,১৬৩** | **১৪,৫২৭** |
| **সর্বমোট** | **৩,৬৮০** | **৩,৪৭৬** | **৪৬,৫৮৯** |

**লজিস্টিক মজুদ এবং সরবরাহ সম্পর্কিত তথ্য** (২৬-০৪-২০২০ সকাল ৮:০০টা পর্যন্ত) (সূত্রঃ সিএমএসডি, স্বাস্থ্য অধিদপ্তর)

| সরঞ্জামের নাম | মোট সংগ্রহ | মোট বিতরণ | বর্তমান মজুদ |
|---|---|---|---|
| পিপিই (PPE) | **১৫,৩৪,৩২১** | **১২,৮০,০৩৮** | **২,৫৪,২৭৪** |

**কোয়ারেন্টাইন সম্পর্কিত তথ্য** (সূত্রঃ হেল্‌থ ইমারজেন্সি এন্ড অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম, স্বাস্থ্য অধিদপ্তর)

| স্থান | গত ২৪ ঘন্টায় (২৫ এপ্রিল সকাল ৮:০০ থেকে ২৬ এপ্রিল সকাল ৮:০০ ) | | এপর্যন্ত | | বর্তমানে মোট কোয়ারেন্টাইন |
|---|---|---|---|---|---|
| | কোয়ারেন্টাইন | ছাড় | কোয়ারেন্টাইন | ছাড় | |
| হোম কোয়ারেন্টাইন | ২,৭২৭ | ৩,৭০১ | ১,৬৮,৪৭২ | ৯৪,৯৫৫ | **৭৩,৫১৭** |
| হাসপাতাল ও অন্যান্য কোয়ারেন্টাইন | ১৬৪ | ২৬২ | ৮,৫৫৯ | ২,১৭৭ | **৬,৩৮২** |
| সর্বমোট | ২,৮৯১ | ৩,৯৬৩ | ১,৭৭,০৩১ | ৯৭,১৩২ | **৭৯,৮৯৯** |

- **সারাদেশে ৬৪ জেলার সকল উপজেলা ও জেলা পর্যায়ে প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইনের জন্য প্রস্তত করা হয়েছে- ৬০১ টি প্রতিষ্ঠান এবং এর মাধ্যমে তাৎক্ষনিকভাবে প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইনের সেবা প্রদান করা যাবে- ৩০,৬৩৫ জনকে।**

**প্রাতিষ্ঠানিক আইসোলেশন সম্পর্কিত তথ্য** (সূত্রঃ আইইডিসিআর)

| গত ২৪ ঘন্টায় আইসোলেশন ( ২৫ এপ্রিল দুপুর ১২:০০ থেকে ২৬ এপ্রিল দুপুর ১২:০০) | বর্তমানে আইসোলেশনে রয়েছেন |
|---|---|
| ৭৫ | ১,১৬৪ |

**মোবাইল ফোনে কোভিড-১৯ এর সেবা প্রদান** (সূত্রঃ এমআইএস/আইইডিসিআর, স্বাস্থ্য অধিদপ্তর)

| হটলাইন | গত ২৪ ঘন্টা | এপর্যন্ত সর্বমোট |
|---|---|---|
| ১৬২৬৩ (স্বাস্থ্য বাতায়ন) | **৫৪,৯৩১** | **২৪,২২,৬৪২** |
| ৩৩৩ | **২০,১০৩** | **৮,০৫,৭৩২** |
| আইইডিসিআর (১০৬৫৫; ০১৯৪৪৩৩৩২২২) | **২,৮৬৭** | **১,৬২,৮৩৭** |
| মোট ফোন কলের সংখ্যা | **৭৭,৯০১** | **৩৩,৯১,২১১** |

**স্বেচ্ছাসেবী হিসেবে করোনাভাইরাস সংক্রমণ সংক্রান্ত তথ্য ও চিকিৎসাসেবা প্রদানে হটলাইনে যুক্ত চিকিৎসক সংখ্যা (২৬-০৪-২০২০ সকাল ০৮:০০টা পর্যন্ত): ৪,০০২।**

**বিমান/সমুদ্র/স্থল বন্দর ও রেল স্টেশনে বিদেশ হতে আগত যাত্রীদের স্ক্রিনিং সম্পর্কিত তথ্য** (সূত্রঃ হেল্‌থ ইমারজেন্সি এন্ড অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম, স্বাস্থ্য অধিদপ্তর)

| বিমান/সমুদ্র/স্থল বন্দর ও রেল স্টেশন | গত ২৪ ঘন্টা | এপর্যন্ত সর্বমোট |
|---|---|---|
| আন্তর্জাতিক বিমানবন্দর সমূহ | **১৭৮** | **৩,২৪,৫৮২** |
| স্থলবন্দর সমূহ | **১০৮** | **৩,২৮,২৬৭** |
| সমুদ্রবন্দর সমূহ | **১২৮** | **১৫,০৬২** |

| | | |
|---|---|---|
| ক্যান্টনমেন্ট রেলওয়ে স্টেশন | ০০ | ৭,০২৯ |
| **মোট স্ক্রিনিংকৃত যাত্রীর সংখ্যা** | **৪১৪** | **৬,৭৪,৯৪০** |

**স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক করোনাভাইরাস (COVID-19) প্রতিরোধ ও নিয়ন্ত্রণে তৈরিকৃত গাইডলাইনঃ**
এ পর্যন্ত ২৩টি গাইডলাইন এবং ১১টি জনসচেতনতামূলক উপকরণ (IEC / BCC) প্রস্তুত করা হয়েছে।
গাইডলাইনসমূহ পাওয়া যাবে স্বাস্থ্য অধিদপ্তর এর ওয়েব সাইটেঃ www.dghs.gov.bd অথবা www.corona.gov.bd

**বৈশ্বিক ও আঞ্চলিক করোনা পরিস্থিতি (সূত্র: বিশ্ব স্বাস্থ্য সংস্থা – Situation Report 96, April 25)**

| | গত ২৪ ঘন্টা | | এপর্যন্ত সর্বমোট | |
|---|---|---|---|---|
| | সনাক্ত | মৃত্যু | সনাক্ত | মৃত্যু |
| দক্ষিণ-পূর্ব এশিয়া | **২,৫০১** | **১০৪** | **৪১,০৭৩** | **১,৬৫৮** |
| সারা বিশ্ব | **৯৩,৭১৬** | **৫,৭৬৭** | **২৭,১৯,৮৯৭** | **১,৮৭,৭০৫** |

২৬০৪২০২০

**অধ্যাপক ডাঃ নাসিমা সুলতানা**
**অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন)**
**স্বাস্থ্য অধিদপ্তর**